গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন ও অর্থ শাখা
www.bmet.gov.bd

স্মারক নং- ৪৯.০১.০০০০.০০২.১৮.০৭৪.১৮. ২৮০ তারিখ: ০৫/০২/২০২৫

**বিষয় : বিএমইটি'র নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধি-১৯৮৪ এর আলোকে নিয়োগপ্রাপ্ত ড্রাফটসম্যান, ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদধারী ৩য় শ্রেণীর কর্মচারীদের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতাদি প্রদান করা থেকে বিরত থাকা প্রসঙ্গে।**

সূত্র: চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয় এর স্মারক নং-০৭.০৩.০০০০.৭৮১.০১.০০১.২৩.১৩২৯; তারিখ: ১৯/১২/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিএমইটি ও এর আওতাধীন দপ্তরসমূহে ১৯-১১-১৯৯৪খ্রি: তারিখ পরবর্তী নিয়োগপ্রাপ্ত বর্তমানে রাজস্বখাতভুক্ত ১০ম গ্রেডের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতা গ্রহণকারী ড্রাফটসম্যান, ইন্সট্রাক্টর, সিনিয়র ইন্সট্রাক্টর, চীফ ইন্সট্রাক্টরগণের নিয়োগপত্রের কপি, চাকুরী স্থায়ীকরণের বিপিএসসি'র সুপারিশ পত্র ও স্থায়ীকরণ প্রজ্ঞাপনের কপি এবং ১০ম গ্রেডে উন্নীতকরণের অফিস আদেশের কপি সূত্রোস্থ পত্রের মাধ্যমে প্রেরণের অনুরোধ জানানো হয়।

০২। এমতাবস্থায়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয় হতে প্রেরিত পত্রের মর্মানুযায়ী/উপরোক্ত তথ্যাদি সফটকপি (Nikosh Font) ই-মেইলে (proshashon.bmet@gmail.com) এবং হার্ডকপি বিএমইটি'র প্রশাসন শাখায় আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৫/০২/২৫
(মোহাম্মদ আলী সিদ্দিকী)
উপপরিচালক (চলতি দায়িত্ব) (প্রশাসন)
ফোন: ০২-৯৩৬১৬৯৬ (অফিস)
ই-মেইল: dd.admin1@bmet.gov.bd

বিতরণ:
১। অধ্যক্ষ, আইএমটি/টিটিসি (সকল)।
২। সহকারী পরিচালক, শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর (সকল)।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):-

১. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণমান ও পরিকল্পনা), বিএমইটি, ঢাকা।
৩. চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা (বিএমইটি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. মহাপরিচালক (গ্রেড-১) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. মাস্টার নথি/২০২৫।

২৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

তারিখ: ২৯.১২/২০২৪ খ্রি.।

স্মারক নং- ০৭.০৩.০০০০.৭৮১.০১.০০১.২৩. ৯৩২৯

বিষয়: বিএমইটি'র নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধি-১৯৮৪ এর আলোকে নিয়োগপ্রাপ্ত ড্রাফটসম্যান, ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদধারী ৩য় শ্রেণীর কর্মচারীদের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতাদি প্রদান করা থেকে বিরত থাকা প্রসঙ্গে।

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের পত্র নম্বর- ০৭.০৩.০০০.০০৯.৪৯.০০১.২২.১৯৫ তারিখ: ০৯-১২-২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বিএমইটি'র নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধি-১৯৮৪ এর আলোকে নিয়োগপ্রাপ্ত ড্রাফটসম্যান, ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদধারী ৩য় শ্রেণীর কর্মচারীদের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতা প্রদান করা থেকে বিরত থাকার বিষয়ে অনুরোধ জানিয়ে ২৭ জন চীফ ইন্সট্রাক্টর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন পত্র দাখিল পূর্বক হিসাব মহানিয়ন্ত্রক বরাবর অগ্রীম কপি দাখিল করেছেন। স্বাক্ষরকৃত ২৭ জন চীফ ইন্সট্রাক্টর কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত আপত্তিসমূহের বিষয়ে হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় হতে এ দপ্তরের নিকট বিস্তারিত জানতে চাওয়া হয়েছে। দাখিলকৃত আবেদন পত্র পর্যালোচনা করে ড্রাফটসম্যান, ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদধারী ৩য় শ্রেণীর কর্মচারীদের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতাদি প্রদান করার ক্ষেত্রে প্রাপ্ত আপত্তিসমূহ নিম্নরূপ:

(১) নিয়োগ বিধিতে নিয়োগ যোগ্যতা ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা না থাকা সত্ত্বেও খুলনা শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তরের ১৪তম গ্রেডভুক্ত ড্রাফটসম্যান পদধারী জনাব নৃপেন্দ্র নাথ রায় কে বিধি বহির্ভূতভাবে ১০ম গ্রেডের ২য় শ্রেণীর গেজেটেডে কর্মকর্তা হিসেবে বেতন-ভাতাদি প্রদান করা হচ্ছে।

(২) চীফ ইন্সট্রাক্টর পদটি বিএমইটি'র গেজেটেড কর্মকর্তা নিয়োগ বিধি-১৯৭৯ তে থাকলেও ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদ দুটিতে নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধি-১৯৮৪ এর আলোকে ১৪তম গ্রেডে নিয়োগ সম্পন্ন করে তাঁদেরকে আবার ১০ম গ্রেডের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতাদি প্রদান করা হচ্ছে।

(৩) জনপ্রশাসন (সংস্থাপন) মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর: সম(বিধি-২) পদোন্নতি-২৭/৯৪-১৬৪; তারিখ: ১৯-১১-১৯৯৪ খ্রিঃ এর জারীকৃত প্রজ্ঞাপনমূলে কর্মরত উপসহকারী প্রকৌশলী ও সমমান পদে কর্মরত ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাধারী কর্মচারীদেরকে ২য় শ্রেণীর পদমর্যাদাসহ ১০ম গ্রেডে উন্নীত করার প্রজ্ঞাপন জারী এবং প্রতিটি দপ্তরকে নিয়োগ বিধিতে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করার বিষয় বলা হলেও অদ্যাবধি বিএমইটি'র নিয়োগ বিধিতে সংশোধনী আনয়ন না করেই ১৯-১১-১৯৯৪ খ্রিঃ তারিখ পরবর্তী ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদধারীদেরকে ৩য় শ্রেণীর কর্মচারী হিসেবে নিয়োগ করে পরবর্তীতে যোগদানের তারিখ হতেই ভূতাপেক্ষভাবে তাঁদেরকে ১০ম গ্রেডের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতাদি প্রদান করা হচ্ছে।

(৪) জনপ্রশাসন (সংস্থাপন) মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর: সম(বিধি-২) পদোন্নতি-২৭/৯৪-১৬৪; তারিখ: ১৯-১১-১৯৯৪ খ্রিঃ এর জারীকৃত প্রজ্ঞাপনমূলে ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাধারীদের ৩য় শ্রেণীর কর্মচারী হিসেবে নিয়োগ দেয়ার সুযোগ না থাকা সত্ত্বেও ১৯-১১-১৯৯৪ খ্রিঃ তারিখ পরবর্তী ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদসমূহে বিএমইটি'র মাধ্যমে সরাসরি স্থায়ীভাবে/বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাধারীদের ৩য় শ্রেণীর কর্মচারী হিসেবে ১০ম গ্রেডে নিয়োগ দিয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশ গ্রহণ না করেই উক্ত পদধারীদের চাকরি স্থায়ীকরণ পূর্বক তাঁদেরকে যোগদানের তারিখ হতেই ভূতাপেক্ষভাবে ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতাদি প্রদান করা হচ্ছে।

(৫) স্থায়ী পদের ১০ম গ্রেডের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মাধ্যমে নিয়োগ করার এবং বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তার পদসমূহে নিয়োগ প্রাপ্তদের চাকরী স্থায়ীকরণে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশ গ্রহণের বাধ্যবাধকতা থাকলেও ১৯-১১-১৯৯৪ খ্রিঃ তারিখ হতে ২০১৮ সাল পর্যন্ত ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদে নিয়োগের বিষয়ে বা প্রকল্পে নিয়োজিতদের চাকরী স্থায়ীকরণে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশ গ্রহণ করা হয় নাই।

(৬) বিএমইটি'র নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধি-১৯৮৪ এর আলোকে নিয়োগপ্রাপ্ত ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদধারীদেরকে ১০ম গ্রেডের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতাদি প্রদান করা হচ্ছে। অপর দিকে তাঁদের মধ্যে কাউকে কাউকে আবার ৩য় শ্রেণীর কর্মচারী হিসেবেও বিভিন্ন আর্থিক সুযোগ সুবিধা দেয়া হয়েছে।

(৭) বিএমইটি'র গেজেটেড কর্মকর্তা নিয়োগ বিধি-১৯৭৯ তে ইন্সট্রাক্টর ও সিনিয়র ইন্সট্রাক্টর পদদ্বয়ের বিষয়ে উল্লেখ না থাকা সত্ত্বেও বর্তমানে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মাধ্যমে উক্ত পদদ্বয়ে ১০ম গ্রেডের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে নিয়োগ সম্পন্ন করা হচ্ছে। নিয়োগকৃতদের আবার নিয়োগ বিধি-১৯৭৯ এর আলোকে চাকরী স্থায়ীকরণ করা হচ্ছে।

(৮) বিএমইটি'র নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধি-১৯৮৪ সংশোধন ব্যতিত উক্ত বিধির আলোকে নিয়োগকৃত ইন্সট্রাক্টর, সিনিয়র ইন্সট্রাক্টর ও চীফ ইন্সট্রাক্টর পদধারী ৩য় শ্রেণীর কর্মচারীদের ১০ম গ্রেডের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতাদি প্রদান বিরত থাকার বিষয়ে ইতোপূর্বে মার্চ, ২০০৯ খ্রিস্টাব্দে এ কার্যালয়ে অভিযোগ পাওয়া যায়। অভিযোগের বিষয়ে উক্ত পদসমূহে কর্মরতদের বেতন-ভাতাদি বন্ধ করার বিষয়ে এ কার্যালয়ের পত্র নম্বর: সিএও/প্রবাসী/অভিযোগ/৭৫৩; তারিখ: ০৯-০৩-২০০৯ খ্রিঃ মোতাবেক বিএমইটি'র মতামত চাওয়া হলে বিএমইটি'র পত্র নং-এ১-৭ই-২১৭/০৯/৬৪১; তারিখ: ২২-৪-২০০৯ খ্রিঃ মোতাবেক উক্ত বিষয়ের সমাধান করণ কার্যক্রম চলমান রয়েছে জানিয়ে নিয়োগ প্রাপ্তদের বেতন-ভাতাদি প্রদান চলমান রাখার বিষয়ে অনুরোধ জানানোর পরিপ্রেক্ষিতে বেতন-ভাতাদি প্রদান চলমান রাখা হলেও অদ্যাবধি তা সমাধান করা হয় নাই।

২। এমতাবস্থায়, উক্ত ব্যক্তিবর্গের দাখিলকৃত পত্রের বিষয়বস্তুর ওপরে আপনার কার্যালয়ের মতামত এবং ১৯-১১-১৯৯৪ খ্রিঃ তারিখ পরবর্তী নিয়োগ প্রাপ্ত বর্তমানে রাজস্বখাত ভুক্ত ১০ম গ্রেডের ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে বেতন-ভাতা গ্রহণকারী সকল ড্রাফসটম্যান, ইন্সট্রাক্টর, সিনিয়র ইন্সট্রাক্টর ও চীফ ইন্সট্রাক্টরগণের নামের তালিকাসহ তাঁদের নিয়োগপত্রের কপি, চাকরী স্থায়ীকরণে বিপিএসসি'র সুপারিশ পত্র ও স্থায়ীকরণ প্রজ্ঞাপনের কপি এবং ১০ম গ্রেডে উন্নীত করণের অফিস আদেশের কপি,যে সকল প্রতিষ্ঠানে উক্ত পদ গুলির অস্তিত্ব রয়েছে তাদের অর্গানোগ্রাম আগামী ১০ কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

২৯/১২/২৪

(মোহসুমা সাফতা)
চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার
ফোন নম্বর: ৮৩৩১১৪৯

মহাপরিচালক (গ্রেড-১)
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন ও অর্থ)।

স্মারক নং- ০৭.০৩.০০০০.৭৮১.০১.০০১.২৩. তারিখ:....../১২/২০২৪ খ্রি.।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)।

২। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃউপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)।

৩। যুগ্মসচিব, (প্রশাসন ও অর্থ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

৪। অফিস কপি (স্থানীয়)।

(মোহসুমা সাফতা)
চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার
ফোন নম্বর: ৮৩৩১১৪৯